

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৮

বাংলা
(ঐচ্ছিক)

(চতুর্থ ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGP-401


(আধুনিক বাংলা কবিতা)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক



১। (ক) কোন্ ভারতীয় মহাকাব্যের কাহিনি অবলম্বন করে 'মেঘনাদবধ কাব্য' রচিত হয়েছে? মধুসূদন দত্তের জন্ম কোথায় হয়েছিল? 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের কি নামকরণ করা হয়েছে? চিত্রাঙ্গদা কে? 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক—রাবণ না মেঘনাদ? তোমার পঠিত সর্গগুলি অবলম্বনে বিচার করো।

১+১+১+১+১০=১৪

অথবা

(খ) "নমি আমি, কবিগুরু—তব পদানুজে।" এখানে 'কবিগুরু' বলতে মধুসূদন কাকে বুঝিয়েছেন? বিভীষণের পত্নীর নাম কী? 'নিকষা-নন্দন' বলতে কাকে বোঝানো হয়েছে? "নবম সর্গটি সমগ্র 'মেঘনাদবধ কাব্য'-এর অমূল্য ভাষ্য।" এই মন্তব্যের আলোকে তোমার নিজের ভাষায় নবম সর্গের মূল্যায়ন করো।

১+১+১+১১=১৪

১। (ক) নজরুল ইসলাম কত সালে জন্মগ্রহণ করেন? 'সঞ্চিত্তা' কাব্যসংকলনটি প্রথম কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? "তোমার পবন করিছে বীজন"—'বীজন' শব্দের অর্থ কী? 'আমার কৈফিয়ৎ' কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? "এই কবিতায় কবির যে নির্মোহ আত্মসমালোচনা তাতে উচ্ছ্বাসের পরিবর্তে আছে দায়িত্ব-সচেতন বাস্তববোধ।" 'আমার কৈফিয়ৎ' কবিতাটি সম্বন্ধে এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও।

১+১+১+১+১০=১৫

অথবা

(খ) "মোর ডাইনে শিশু সদ্যোজাত জরায়-মরা বাম পাশে!" পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত? নজরুলের লেখা যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। 'অভিশাপ' কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? "নজরুলের 'অভিশাপ' কবিতার আড়ালে রয়েছে মানব-মনের গভীর ছবি।" আলোচনা করো।

১+২+১+১০=১৪

৩। (ক) 'ঈশানের পুঞ্জমেঘ' কাব্যসংকলনটির দুজন সম্পাদকের নাম লেখো। শক্তিপদ ব্রহ্মচারী কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন? 'যখন ব্যক্তিগত কারণে চিন্তাগ্রস্ত' কবিতাটিতে আধুনিক যুগ-যন্ত্রণার যে ছবি ফুটে উঠেছে তার বর্ণনা দাও।

২+১+১১=১৪

অথবা

(খ) "আধখানা চাঁদ আটকে আছে টেলিগ্রাফের তারে!" পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত? 'জন্মভূমি, তোমাকে ভুলি না' কবিতাটি কে লিখেছেন? 'পাতাবাহার' কাব্যসংকলনে মোট কয়টি কবিতা রয়েছে? 'পাতাবাহার' কবিতায় প্রকাশিত কবির মানস-অভিব্যক্তির পরিচয় নিজের ভাষায় তুলে ধরো।

১+১+১

(3)

৪। টাকা লেখো (যে কোনো দুটি) :

৪×২=৮

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে চিত্রাঙ্কনা
চরিত্র

(খ) বিদ্রোহী কবি নজরুল

(গ) 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গ অবলম্বনে সরমা চরিত্র

(ঘ) পরমানন্দ সরস্বতী

